তুমি আল্লাহর তাকওয়া অবলম্বন করো এবং প্রত্যেক উঁচু স্থানে ‘আল্লাহু আকবার’ তথা আল্লাহর তাকবীর বলো।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি বলল, ‘হে আল্লাহর রাসূল! আমি সফরে যাব ইচ্ছা করেছি, আমাকে উপদেশ দিন।’ তিনি বললেন, “তুমি আল্লাহর তাকওয়া অবলম্বন করো এবং প্রত্যেক উঁচু স্থানে ‘আল্লাহু আকবার’ পড়ো।” যখন লোকটা ফিরে যেতে লাগল,
তখন তিনি বললেন, “হে আল্লাহ! তুমি তার পথের দূরত্ব গুটিয়ে দিয়ো এবং তার সফর সহজ করে দিয়ো।”
[হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এক ব্যক্তি সফরে যাবার ইচ্ছা করল, তখন সে বলল, হে আল্লাহর রাসূল! আমাকে উপদেশ দিন।’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে আল্লাহর তাকওয়া অবলম্বন ও প্রত্যেক উঁচু স্থানে ‘আল্লাহু আকবার’ তথা আল্লাহর তাকবীর বলার উপদেশ দিলেন। যখন লোকটি ফিরে যেতে লাগল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্যে দো‘আ করলেন, যেন তার কর্ম সহজ করা হয়, তার যানবাহন সুন্দর করা হয়, যা দিয়ে সে আরামে গন্তব্যে পৌঁছবে এবং কষ্টদায়ক বস্তু দূর করে তার সফর যেন সহজ করা হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/6102